

# শুগান্ধ

প্রিণ্ট: ১১ ডিসেম্বর ২০২৫, ০৯:৩৪ এএম

## শিক্ষাঙ্গন

# কুকসু গঠনতন্ত্র যাচাইয়ে ইউজিসির কমিটি



কুবি প্রতিনিধি

প্রকাশ: ১০ ডিসেম্বর ২০২৫, ১০:৪৭ পিএম



কুমিল্লা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (কুকসু) ও হল শিক্ষার্থী সংসদের গঠন ও পরিচালনা বিধিমালা-২০২৫-এর খসড়া যাচাই করে রাষ্ট্রপতির (চ্যান্সেলর) অনুমোদনের জন্য প্রেরণ করতে একটি কমিটি গঠন করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন (ইউজিসি)।

বুধবার (১০ ডিসেম্বর) ইউজিসির যুগ্ম সচিব মাফরোজা পারভীন স্বাক্ষরিত অফিস আদেশে এ কমিটি গঠনের বিষয়টি জানানো হয়।

কমিটির আহ্বায়ক করা হয়েছে ইউজিসির পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের সদস্য প্রফেসর ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খানকে এবং সদস্য সচিব করা হয়েছে ইউজিসির সহকারী সচিব (লিগ্যাল) মোহাম্মদ শোয়াইবকে।

সদস্য হিসেবে রয়েছেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহযোগী অধ্যাপক কাজী মাহফুজুল হক সুপন, ইউজিসির পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক মোহাম্মদ জামিনুর রহমান, ইউজিসির অর্থ, হিসাব ও বাজেট বিভাগের পরিচালক মো. রেজাউল করিম হাওলাদার, ইউজিসির উপসচিব (লিগ্যাল) ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ রোজিনা খান, কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মনোনীত একজন প্রতিনিধি।

উল্লেখ্য, অফিস আদেশে বলা হয়েছে- জরুরিভিত্তিতে খসড়া বিধিমালাটি পরীক্ষা করে দ্রুত চ্যান্সেলরের অনুমোদনের জন্য পাঠানোই কমিটির প্রধান কার্যপরিধি।